



# বনানী ডিওএইচএস পরিষদ

## BANANI DOHS PORISHOD

বিডিপি/সার্ভিস চার্জ/১০/এ

২৬ ফেব্রুয়ারি ২০২৬

ফ্ল্যাটের মাসিক সার্ভিস চার্জ নিয়মিত প্রদান প্রসঙ্গে

বরাত:

- ক। বনানী ডিওএইচএস পরিষদের বাৎসরিক সাধারণ সভা-২০২৫ তারিখ ০৭ ফেব্রুয়ারি ২০২৬।
- খ। বনানী ডিওএইচএস পরিষদ ৪র্থ কার্যনির্বাহী কমিটির সভা তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০২৬।
- ১। আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পরিষদ একটি সেবামূলক সংগঠন যা আপনাদের নির্বাচিত প্রতিনিধি দ্বারা পরিচালিত হচ্ছে। উল্লেখ্য যে, বর্তমানে এই আবাসিক এলাকায় কিছু স্থায়ী/অস্থায়ী বাসিন্দা সময়মত সার্ভিস চার্জ প্রদান করছেন না, যাহা প্রদান করা তাদের নৈতিক দায়িত্ব। যে সকল পুট/ফ্ল্যাট মালিক এবং ভাড়াটিয়াগণ মাসিক সার্ভিস চার্জ প্রদান করছেন না, তারা শুধু অবহেলা নয় বরঞ্চ প্রচলিত নিয়মের পরিপন্থী কর্মকাণ্ডের জন্য দায়ী।
- ২। উল্লেখিত কারণে পরিষদের সংশ্লিষ্ট ফান্ডের ঘাটতি ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ফলশ্রুতিতে, নতুন নিরাপত্তা কর্মী/কর্মচারী নিয়োগ এবং নিয়োজিত নিরাপত্তা কর্মী/কর্মচারীদের সময়মত বেতন ভাতা প্রদান সহ এলাকার দৈনন্দিন উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনায় নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। উল্লেখ্য, গত ৭ই ফেব্রুয়ারি ২০২৬ বাৎসরিক সাধারণ সভায় বকেয়া সার্ভিস চার্জ প্রদানের ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। হাউজের অধিকাংশ সদস্য খালী ফ্ল্যাটসহ সকল ফ্ল্যাটের বিপরীতে সার্ভিস চার্জ নিয়মিতভাবে সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। আগামীতে সার্ভিস চার্জ বকেয়া থাকলে স্বীয় প্রতিষ্ঠান/ মালিকদের বিরুদ্ধে কঠোর অবস্থানে যেতে পরিষদ বাধ্য হবে। এছাড়া, অত্র পরিষদ সংশ্লিষ্ট পুট/ফ্ল্যাট মালিক এবং ভাড়াটিয়াগণকে নিম্নলিখিত সেবা প্রদানে বিরত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়:
  - ক। গৃহকর্মী এবং গাড়ীর চালকদের প্রবেশ করতে দেওয়া হবে না।
  - খ। এলাকার জন্য ব্যবহৃত কার স্টিকার প্রদান করা হবে না।
  - গ। উক্ত পুট হতে কোন প্রকার ময়লা/আবর্জনা অপসারণ করা হবে না।
  - ঘ। বনানী ডিওএইচএস এলাকার স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে কোন প্রকার জরুরী চিকিৎসা সেবা প্রদান করা হবে না।
  - ঘ। জরুরী প্রয়োজনে অত্র পরিষদের নিরাপত্তা কর্মীদের কোন প্রকার সাহায্য সহযোগিতা দেওয়া হবে না।
  - ঙ। Pathao, Uber বা এ জাতীয় প্রতিষ্ঠান দ্বারা প্রাপ্ত সার্ভিস থেকে বঞ্চিত করা হবে।
  - চ। ডিস এবং ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করা হবে।
- ৪। আলোচ্য বিষয়টি গুরুত্ব অনুধাবন করত: আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে বকেয়া সহ সকল সার্ভিস বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো। এই ব্যাপারে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী  
ভাইস প্রেসিডেন্ট ও  
ভারপ্রাপ্ত সেক্রেটারি

সংযুক্ত: ০১ কপি মাত্র।

কার্যক্রম:

বনানী ডিওএইচএসের সংশ্লিষ্ট পুট/ফ্ল্যাট মালিকগণ

অবগতি:

সম্মানিত বনানী ডিওএইচএসের সকল সদস্য

Telephone: +88 02 8714697

E-mail : infodohsbanani@gmail.com

Web : www.bananidohs20@gmail.com

Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.